৬.৭

# পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮

মোঃ আব্দুল্লাহ আল মামুন
হিসাব রক্ষণ কর্মকর্তা
নেপ, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর অধীন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) এস, আর, ও নং- ২১-আইন/২০০৮-পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬(২০০৬ সালের ২৪ নং আইন ) এর ধারা ৭০ এর প্রদত্ত ক্ষমতাবলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ প্রণয়ন করে ।

সিপিটিইউ পাবলিক প্রকিউরমেন্ট-কে নিম্নরুপে সংজ্ঞায়িত করেছেন-

**"Procurement" means the purchasing or hiring of Goods, or acquisition of Goods through purchasing and hiring, and the execution of Works and performance of Services by any contractual means.**

পদ্বতি সমূহঃ ১. উন্মুক্ত দরপত্র পদ্ধতি ( Open Tendering Method)
২. সীমিত দরপত্র পদ্ধতি( Limited Tendering Method)
৩. দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি( Two-Stage Tendering Method)
৪. কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি( Request for Quotation Method)
৫. সরাসরি ক্রয় পদ্ধতি( Direct Procurement Method)

সরাসরি ক্রয়পদ্ধতি আবার ৬ ধরনের –

ক) সরাসরি চুক্তি ( Direct contracting)
খ) অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ ( Additional Deliveries and Repeat Orders)
গ) ভেরিয়েশন অর্ডার ( Variation Orders)
ঘ) অতিরিক্ত কার্যাদেশ ( Extra work order)
ঙ) সরাসরি নগদ ক্রয় ( Direct cash purchase)
চ) ফোর্স একাউন্ট( Force account)

বিধিমালা সংক্ষিপ্তাকারে তফসিল-২ এ আলোচনা করা হয়েছে

## তফসিল- ২

| বিধি | সময়, মূল্য, ইত্যাদি |
|---|---|
| | **দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি ঃ** |
| ৭ | দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি হইতে ১(এক) জন এবং সংশ্লিষ্ট ক্রয়কারী হইতে ২ জন সদস্যসহ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হইবে ঃ<br>(ক) চেয়ারপারসন;<br>(খ) সদস্য;<br>(গ) সদস্য-সচিব। |
| | **দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি ঃ** |

| | |
|---|---|
| ৮(১)<br><br><br>৮(৮) | • কমপক্ষে ৫ (পাঁচ) জন এবং সাধারণত অনধিক ৭ (সাত) জন সদস্য, যাহাদের মধ্যে ক্রয়কারীর নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সীর বহির্ভূত কমপক্ষে ১(এক) জন সদস্য অন্তর্ভুক্ত থাকিবে;<br>• মূল্যায়নে ১(এক) জন বহিঃসদস্যসহ কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যক হইবে। |
| ৮(২) | **স্বল্প-মূল্যের ক্রয়ের জন্য দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি ঃ** |
| ৮(৮) | • কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে ১ (এক) জন অন্য সংস্থা বা ক্রয়কারী হইতে নির্বাচন করিতে হইবে;<br>• মূল্যায়নে কমপক্ষে ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি আবশ্যক হইবে। |
| ৮(২) | **যে প্রাক্কলিত মূল্যের ক্রয়ের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা হ্রাস করা যাইবে ঃ** |
| | • ১৫(পনের) লক্ষ টাকা বা উহার নিম্ন মূল্যের পণ্য ও সংশি-ষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৩০ (ত্রিশ) লক্ষ টাকা বা উহার নিম্ন মূল্যের কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৫ (পাঁচ) লক্ষ টাকা বা উহার নিম্ন মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে। |
| ৮(১৪) | **কারিগরী সাব-কমিটির সদস্য সংখ্যা ঃ** |
| | • অনধিক ৩(তিন) জন। |
| ৮(১৫) | **মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রেঃ<br>• প্রতি সভার জন্য সদস্য প্রতি সর্বাধিক ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা ;<br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>• প্রতি সভার জন্য সদস্য প্রতি সর্বাধিক ১০০০ (এক হাজার) টাকা ;<br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>• প্রতি সভার জন্য সদস্য প্রতি সর্বাধিক ৫০০ (পাঁচশত) টাকা হারে;<br>১০ লক্ষ টাকা পর্যন্ত<br>• প্রতি সভার জন্য সদস্য প্রতি সর্বাধিক ৩০০ (তিনশত) টাকা হারে;<br>সভা আহ্বানকারী ক্রয়কারী সকল সদস্যকে ফি বা সম্মানী প্রদান করিবে। |
| | **যে মূল্যের চুক্তির ক্ষেত্রে একই মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সীর অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে ঃ** |
| ৯ (২)(ক) | **পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ঃ**<br>• ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>• ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>• ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়। |
| | **কার্য এবং ভৌত সেবা ঃ** |
| ৯ (২)(ক) | • ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>• ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>• ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়। |

| | |
|---|---|
| ৯(২)(খ) | **সেবাসমূহ ঃ** |
| | • ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়;<br>• ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়;<br>• ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে জরুরী ও অদৃষ্টপূর্ব সেবা ক্রয়। |
| ১৬(১১) | **ক্রয়-পরিকল্পনা সিপিটিইউ'র ওয়েবসাইটে প্রকাশ ঃ** |
| | • ১ (এক) কোটি টাকা বা তদূর্ধ্ব মূল্যের কার্য, পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়। |
| ১৮(১)(গ) | **প্রাক-দরপত্র সভার কার্যবিবরণী বিতরণের সময় ঃ** |
| | • অনধিক ১ (এক) সপ্তাহ |
| ১৯(১) এবং ১১৭(১০) | **দরপত্র ও প্রস্তাবের বৈধতার মেয়াদ ঃ** |
| | • সাধারণত ৬০ (ষাট) হইতে ১২০ (একশত বিশ) দিন |
| ২১(২) | **দরপত্র বা প্রস্তাবের বৈধতার মেয়াদ বৃদ্ধির অনুরোধ জ্ঞাপনের সময় ঃ** |
| | • দরপত্র বা প্রস্তাবের বৈধতার মেয়াদ উত্তীর্ণের ন্যূনতম ১০ (দশ) দিন পূর্বে। |
| ২২(১) | **ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল সংক্রান্ত মূল্যসীমা ঃ** |
| | ২(দুই) কোটি টাকা পর্যন্ত |
| ২২(৩) ও (৫) | **দরপত্র জামানতের পরিমাণ ঃ** |
| | • লট-বাই-লট বা আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে ৫(পাঁচ)-টির কম লট বা আইটেমের ক্ষেত্র ব্যতিরেকে, সর্বক্ষেত্রেই দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ৩% (শতকরা তিন ভাগ) এর মধ্যে নির্দিষ্ট পরিমাণে। |
| ২২(৪) | **লট-বাই-লট বা আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে দরপত্র জামানতের পরিমাণ ঃ** |
| | • লট বা আইটেমভিত্তিক দরপত্র আহ্বানের ক্ষেত্রে ৫ (পাঁচ)-টির কম লট বা আইটেমের জন্য একটি দরপত্র জামানতের মাধ্যমে উদ্ধৃত মোট মূল্যের ন্যূনতম ২% (শতকরা দুই ভাগ)। |
| ২৭(১) | **কার্য-সম্পাদন জামানতের (Performance Security) পরিমাণ ঃ** |
| | • বিভাজ্য পণ্যের (divisible commodities) ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ);<br>• পণ্য ও সংশি-ষ্ট সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ);<br>• কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ), যদি অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা থাকে;<br>• কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ), যদি |

| | |
|---|---|
| | অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা না থাকে।<br>• ভৌত সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ)।<br>• পণ্য পরিবহনের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫%(শতকরা পাঁচ ভাগ) এবং পরিবহনযোগ্য পণ্যমূল্যের ৫%(শতকরা পাঁচ ভাগ) যা পরবর্তী পরিবহনেও ব্যবহার করা যাইবে;<br>• সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তি মূল্যের ৩%( শতকরা তিন ভাগ) হইতে ৫%(শতকরা পাঁচ ভাগ)<br>• নিরাপত্তা জামানত হিসাবে পরিশোধযোগ্য বিল থেকে কর্তনের পরিমান ১০% (শতকরা দশ ভাগ)। |
| ২৭(২) | **ফ্রন্ট লোডিং (Front Loading) এর ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানতের পরিমাণ ঃ**<br>• চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পচিঁশ ভাগ) |
| ২৮(১) | **কার্য ও ভৌত সেবা ক্রয় চুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থের (Retention Money) পরিমাণ ঃ**<br>• অগ্রিম প্রদান করা না হইয়া থাকিলে এবং ১০% (শতকরা দশ ভাগ) কার্য-সম্পাদন জামানত দাখিল করা হইয়া থাকিলে, অনুমিত রক্ষণযোগ্য অর্থ কর্তনের আবশ্যকতা নাই;<br>• অগ্রিম প্রদান করা না হইয়া থাকিলে, বিধি ২৭(২) এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত, অনুমিত রক্ষণযোগ্য অর্থ এবং কার্যসম্পাদন জামানতের পরিমাণ সর্বমোট ১০% এর অধিক হইবে না।<br>• উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ২(দুই) কোটি টাকা পর্যন্ত কার্যচুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থ ১০%(শতকরা দশ ভাগ) হইবে যার মধ্যে দরপত্র জামানতের অর্থও অন্তর্ভূক্ত থাকবে |
| ২৮(৩) | **অনুমিত রক্ষণযোগ্য অর্থ (Retention Money) বা ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদানের সময় ঃ**<br>• ক্রটি সংশোধন সংক্রান্ত সনদ জারীর ২৮ (আটাশ) দিনের মধ্যে |
| ৩২ | **গৃহীত আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব ক্রয়কারীর হেফাজতে রাখিবার সময়সীমা ঃ**<br>• অনধিক ২ (দুই) কার্যদিবস |
| ৩৫(১) | **সকল দরপত্র বা প্রস্তাব বাতিল সংক্রান্ত বিষয়ে দরপত্রদাতা বা আবেদনকারীগণকে অবহিতকরণের সময় ঃ**<br>• ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে |
| ৩৬(৪)(ক) | **চুক্তি সম্পাদন নোটিশ (NOA) জারীর সময় ঃ**<br>• অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে এবং দরপত্র বা প্রস্তাবের বৈধতার মেয়াদ উত্তীর্ণের পূর্বে। |
| ৩৬(৫) | **যে মূল্যমানের ক্রয়ের জন্য ত্রৈমাসিক প্রতিবেদন প্রয়োজন ঃ**<br>• ১ (এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের পণ্য ও সংশি-ষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে। |
| ৩৭(১)<br>১২৬(৩) | **সিপিটিইউ এর ওয়েবসাইটে চুক্তির সম্পাদন নোটিশ প্রকাশ ঃ**<br>• ১ (এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের পণ্য ও সংশি-ষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে এবং কার্য ও |

| | |
|---|---|
| | ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে;<br>• ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে । |
| ৩৭(১) এবং (২) | **সিপিটিইউ এর ওয়েবসাইটে চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশের সময়কালঃ** |
| | • চুক্তি সম্পাদন নোটিশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে এবং কমপক্ষে ১ (এক) মাসের জন্য |
| ৩৭(৩) এবং ১২৬(২) | **ক্রয়কারীর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (যদি থাকে) চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশ ঃ** |
| | • ১ (এক) কোটি টাকার নিম্নের পণ্য এবং সংশি-ষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ;<br>• ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার নিম্নের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে। |
| ৩৯(৩) | **ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত কার্য সমাপ্তির (Intended Completion Date) তারিখ সম্প্রসারণ ঃ** |
| | • কার্য সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;<br>• কার্য সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন প্রয়োজন হইবে। |
| ৩৯(৪) | **ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত কার্য সমাপ্তির (Intended Completion Date) সময়সীমা বর্ধিতকরণের সিদ্ধান্ত গ্রহণের সময়ঃ** |
| | • সময় বর্ধিতকরণের আবেদনপ্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে |
| ৩৯(১৮) | **ক্রয়কারী কর্তৃক চুক্তি সংশোধন ঃ** |
| | • অনুমোদিত 'variations' জনিত কারণে মূল চুক্তিমূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) পর্যন্ত, তবে উহা ১ (এক) কোটি টাকার অধিক হইবে না। |
| ৩৯(২২) | **ঠিকাদারকে মূল্য পরিশোধ করার সময় ঃ** |
| | • প্রতিটি সনদ (certificate) ইস্যুর তারিখের ২৮ (আটাশ) দিনের মধ্যে |
| ৩৯(২৯) | **ঠিকাদারের প্রাপ্য চূড়ান্ত মূল্য পরিশোধের সনদ (certificate) প্রদানের সময়ঃ** |
| | • পূর্ণাঙ্গ ও সঠিক হিসাব প্রাপ্তির ৫৬ (ছাপ্পান্ন) দিনের মধ্যে |
| ৩৯(২৯) | **ক্রটিজনিত দায়ের তালিকা (Defects Liability Schedule) জারীর সময়সীমা ঃ** |
| | • ঠিকাদার কর্তৃক চূড়ান্ত মূল্য পরিশোধের অনুরোধের তারিখ হইতে<br>৫৬ (ছাপ্পান্ন) দিনের মধ্যে। |
| ৩৯(৩৩) | **ক্রয়কারী কর্তৃক কার্য ও সাইট অধিগ্রহণের সময় ঃ** |
| | • প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক কার্য সমাপ্তির সনদ জারীর ৭ (সাত) দিনের<br>মধ্যে। |
| ৪৩(১) | **ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ কাল ঃ** |
| | • কমপক্ষে ৫(পাঁচ) বৎসর;<br>• বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার<br>অনুমোদন গ্রহণক্রমে ৫(পাঁচ) বৎসরের অধিক । |

| | |
|---|---|
| ৪৬(১) | ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ (Procurement Post Review) ঃ |
| | • একটি নির্দিষ্ট অর্থ বৎসরে ক্রয়কারী কর্তৃক সম্পাদিত মোট ক্রয়ের পরিমাণ ১০ (দশ) কোটি টাকার অধিক হইলে। |
| ৪৬(১) এবং (৬) | ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণের (Procurement Post Review) সময় ঃ |
| | • প্রত্যেক অর্থ বৎসর সমাপ্তির ৯ (নয়) মাসের মধ্যে |
| ৪৬(৩) | **ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণে (Procurement Post Review) সম্পাদিত চুক্তির (Awarded Contracts) অন্তর্ভুক্তির ন্যূনতম সংখ্যা ও মূল্য ঃ** |
| | • কোন অর্থ বৎসরে সম্পাদিত মোট চুক্তি সংখ্যার ন্যূনতম ১৫% (শতকরা পনের ভাগ), যাহা নিরপেক্ষ পরামর্শক কর্তৃক এমনভাবে নির্ধারণ করিতে হইবে যেন উহা সম্পাদিত চুক্তিসমূহের মোট মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) এর কম না হয়। |
| ৫২(৩)(খ) | **তালিকাভুক্তিকরণ কমিটি (Enlistment Committee) গঠনঃ** |
| | • কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে.<br>• ১ (এক) জন ক্রয়কারী বহির্ভূত সদস্য;<br>• ১ (এক) জন ক্রয়কারী সদস্য এবং<br>• ১ (এক) জন ক্রয়কারীর কারিগরি সদস্য। |
| ৫২(৩)(ঘ) | **ক্রয়কারী কর্তৃক সরবরাহকারী ও ঠিকাদারগণের তালিকা হালনাগাদ করিবার লক্ষ্যে বার্ষিক সভা আহ্বানের বিষয় অবহিতকরণ ঃ** |
| | সভা অনুষ্ঠানের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে বিজ্ঞাপনের মাধ্যমে। |
| ৫২(৩)(৬) | **তালিকাভুক্তি ও নবায়ন ফিঃ** |
| | • শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০(পাঁচ হাজার) টাকা;<br>• শ্রেণীভিত্তিক নবায়ন ফি ২০০০(দুই হাজার) টাকা। |
| ৫৪(২) | **যৌথ উদ্যোগ সংক্রান্ত চুক্তি সম্পাদনে ব্যবহার্য নন-জুডিসিয়াল স্ট্যাম্পের মূল্যমান ঃ** |
| | • ৩০০ (তিন শত) টাকা বা সরকার দ্বারা নির্ধারিত মূল্যমানের। |
| ৫৭(১) | **অভিযোগসমূহের প্রশাসনিক পুনরীক্ষণের (Administrative Review) সময় ঃ** |
| | • যে পরিস্থিতির কারণে অভিযোগের উদ্ভব হইয়াছে তদ্বিষয়ে অবগত হইবার ৭ (সাত) পঞ্জিকা দিবসের মধ্যে; |

| | |
|---|---|
| ৫৭(৪) | • অভিযোগ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে; |
| ৫৭(৫) | • অভিযোগ দায়েরের পর অতিবাহিত পঞ্চম কার্য দিবস হইতে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে; |
| ৫৭(৬)(ক) | • ৩ (তিন) কার্যদিবসের মধ্যে; |
| ৫৭(৬)(খ) | • অভিযোগ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে; |
| ৫৭(৭) | • অভিযোগ প্রাপ্তির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে; |
| ৫৭(৮) | • অভিযোগ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে; |
| ৫৭(৯) এবং | • ৩ (তিন) কার্য দিবসের মধ্যে; |
| ৫৭(১২) | • ৭ (সাত) কার্য দিবসের মধ্যে। |
| ৫৭(১২)(গ) | **রিভিউ প্যানেল বরাবরে অভিযোগ দায়েরের নিমিত্ত নিবন্ধন ফি এবং ফেরতযোগ্য নিরাপত্তা জামানত এর পরিমাণ ঃ** |
| | • ১(এক) কোটি টাকার নিম্নের চুক্তিমূল্যের ক্ষেত্রে, নিবন্ধন ফি (registration fee) ১০,০০০ (দশ হাজার) টাকা এবং নিরাপত্তা জামানত (security deposit) ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হইবে;<br>• ১(এক) কোটি টাকা হইতে ৫(পাঁচ) কোটি টাকার নিম্নের চুক্তিমূল্যের ক্ষেত্রে, নিবন্ধন ফি ১৫,০০০(পনের হাজার) টাকা এবং ফেরতযোগ্য নিরাপত্তা জামানত ১,০০,০০০(এক লক্ষ) টাকা হইবে;<br>• ৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০(দশ) কোটি টাকা পর্যন্ত চুক্তিমূল্যের ক্ষেত্রে, নিবন্ধন ফি ২০,০০০(বিশ হাজার) টাকা এবং নিরাপত্তা জামানত ২ (দুই) লক্ষ টাকা হইবে;<br>• ১০(দশ) কোটি টাকার উর্ধ্বের চুক্তিমূল্যের ক্ষেত্রে, নিবন্ধন ফি ২৫,০০০(পঁচিশ হাজার) টাকা এবং নিরাপত্তা জামানত ৫ (পাঁচ) লক্ষ টাকা হইবে;<br>• দরপত্র উন্মুক্তকরণের পূর্বে কোন বিষয়ে অভিযোগের ক্ষেত্রে, নিবন্ধন ফি ১০,০০০(দশ হাজার) টাকা এবং নিরাপত্তা জামানত ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা হইবে। |
| ৫৮(২) | **রিভিউ প্যানেলের জন্য নির্বাচিত সুবিদিত বিশেষজ্ঞগণের সংখ্যা ঃ** |
| | • আইন বিষয়ক বিশেষজ্ঞ অনধিক ১০(দশ) জন;<br>• ক্রয়কার্যে কারিগরী জ্ঞানসম্পন্ন বিশেষজ্ঞ অনধিক ১০ (দশ) জন;<br>• চুক্তি ব্যবস্থাপনায় অভিজ্ঞ বিশেষজ্ঞ অনধিক ১০ (দশ) জন। |
| ৫৮(২)(খ) | **রিভিউ প্যানেলের সংখ্যা ঃ** |
| | • ৩ (তিন) হইতে ৫ (পাঁচ) টি রিভিউ প্যানেল। |
| ৫৮(৪) | **রিভিউ প্যানেলের সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | • প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩৫০০ (তিন হাজার পাঁচশত) টাকা হারে প্রতিটি অভিযোগ পুনরীক্ষণের (Review) জন্য, তবে সর্বাধিক ৫ (পাঁচ) টি সভার জন্য উক্ত ফি বা সম্মানী প্রদেয় হইবে। |
| ৫৯(১) | **রিভিউ প্যানেল নির্বাচনের সময়সীমা ঃ** |
| | • ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে। |

| | |
|---|---|
| ৬০(২) | **রিভিউ প্যানেল কর্তৃক অভিযোগ নিস্পত্তির সময়সীমা ঃ** |
| | • রিভিউ প্যানেল তৎকর্তৃক অভিযোগ প্রাপ্তির ১২ (বার) কার্য-দিবসের মধ্যে উহার লিখিত সিদ্ধান্ত প্রদান করিবে। |
| ৬১(৪) | **উম্মুক্ত দরপত্র পদ্ধতির অধীনে অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে পণ্য সরবরাহ, কার্য সম্পাদন বা ভৌত সেবার জন্য বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশের তারিখ হইতে দরপত্র প্রণয়ন ও দাখিলের সময় ঃ** |
| | • ২(দুই) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন;<br>• ২(দুই) কোটি টাকার উর্ধ্বের এবং ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ২১ (একুশ) দিন;<br>• ৫ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ২৮ (আটাশ) দিন;<br>• বিপর্যয়কর কোন ঘটনা মোকাবিলার জন্য জরুরী ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ১০ (দশ) দিন;<br>• পুনঃদরপত্র আহ্বানের সময় অনুর্ধ্ব ২(দুই) কোটি ক্রয়ের ক্ষেত্রে ১০(দশ) দিন, বিপর্যয়কর ঘটনার ক্ষেত্রে ৭(সাত) দিন অন্যান্য ক্ষেত্রে ১৪ (চৌদ্দ) দিন । |
| ৬৩(২) | **তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে সীমিত দরপত্র পদ্ধতির অধীনে ক্রয়ের ক্ষেত্রে মূল্যসীমা ঃ** |
| | • অনধিক ২৫ (পচিশ) লক্ষ টাকা মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং একক সেবাদানমূলক চুক্তি;<br>• অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা মূল্যের কার্য ও ভৌত সেবা। |
| ৬৪(৫) | **সীমিত দরপত্র পদ্ধতির আওতায় সরাসরি দরপত্র আহবান অথবা পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে দরপত্র প্রণয়ন ও দাখিলের সময় ঃ** |
| | • ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন;<br>• পুনঃদরপত্র আহ্বানের ক্ষেত্রে ৭ (সাত) দিনে হ্রাস করা যাইতে পারে;<br>• বিধি ৬৩(খ) ও (গ) অনুযায়ী ন্যূনতম ৭ (সাত) দিন;<br>• জাতীয় দুর্যোগের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন সাপেক্ষে ৭ (সাত) দিনের কম সময়। |
| ৬৬(৫) | **প্রথম পর্যায়ে কারিগরী প্রস্তাব দাখিলের জন্য সময় ঃ** |
| | • পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ন্যূনতম ৪২(বিয়াল্লিশ) দিন। |
| ৬৭(৫) | **দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে প্রথম পর্যায়ের দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের সময় ঃ** |
| | • ৭ (সাত) দিন। |
| ৬৮(৩) | **দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে দ্বিতীয় পর্যায়ের দরপত্র প্রণয়ন ও দাখিলের সময় ঃ** |
| | • ২১ (একুশ) দিন। |
| ৬৯(১) এবং (৬)(ক) ও (গ) | **কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের আর্থিক মূল্যসীমা ঃ** |
| | **• রাজস্ব বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে ঃ**<br>পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ২(দুই) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ১০(দশ) লক্ষ টাকা।<br>কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা; তবে বৎসরে |

| | |
|---|---|
| | সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা। |
| | • **উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে ঃ**<br>পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ২০(বিশ) লক্ষ টাকা।<br>কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০(দশ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৪০(চল্লিশ) লক্ষ টাকা। |
| ৬৯(৬)(খ) | **জাতীয় পতাকাবাহী বাহনের জন্য ক্রয়ের ক্ষেত্রে ঃ** |
| | • প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ১৫(পনের) লক্ষ টাকা। |
| ৭১(৪) | **কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির অধীন কোটেশন আহ্বানের ক্ষেত্রে সময়সীমা ঃ** |
| | • কোটেশন আহ্বানের তারিখ হইতে অনধিক ১০ (দশ) দিন। |
| ৭৪(৪) | **ভেরিয়েশন অর্ডার (variation order), অতিরিক্ত কার্যাদেশ, পুনরাবৃত্ত ক্রয়াদেশ বা অতিরিক্ত পণ্য সরবরাহের আদেশ প্রদানের মূল্যসীমা ঃ** |
| | • মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা পনের ভাগ)। |
| ৭৬ (১)<br>(ঞ)<br>এবং<br>(ট) | **সরাসরি চুক্তি (direct contracting) এর আওতায় জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় পণ্য, কার্য ও সেবা ক্রয় ঃ** |
| | • প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৫০০(পাঁচশত) লক্ষ টাকা।<br>• প্রতিটি ক্ষেত্রে অনধিক ১(এক) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা। |
| ৭৭ | **পণ্যের অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ এর ক্ষেত্রে মূল্যসীমা ঃ** |
| | • মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা পনের ভাগ)। |
| ৭৮(৩) | **ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্য ও ভৌত সেবা ক্রয়ের মূল্যসীমা ঃ** |
| | • মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা পনের ভাগ)। |
| ৭৯(১) | **ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ দাবী করার সময়সীমা ঃ** |
| | • Variation order বা অতিরিক্ত কার্যাদেশের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত হওয়ার ৭(সাত) পঞ্জিকা দিবসের মধ্যে। |
| ৭৯(২)(গ) | **ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্যাদেশ প্রক্রিয়াকরণের সময়সীমা ঃ** |
| | • ভেরিয়েশন অর্ডার প্রণয়ন হইতে অনুমোদন পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না। |
| ৮০(৪)(খ) | **প্রকল্পের আওতায় কার্যের ক্রমপুঞ্জিত বৃদ্ধি ঃ** |
| | • সমন্বয়কৃত (adjusted) মূল চুক্তি মূল্যের অনধিক ১০% (শতকরা দশ ভাগ)। |
| ৮১ | **সরাসরি নগদ ক্রয়ের বাৎসরিক মোট পরিমাণ ঃ** |
| | • প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০ (পচিশ হাজার) টাকা, কিন্তু বৎসরে অনধিক ৫ (পাঁচ) |

| | |
|---|---|
| | লক্ষ টাকা। |
| ৮২ | **ফোর্স একাউন্ট (Force Account) এর অধীন বাৎসরিক মোট ক্রয়ের পরিমাণ ঃ** |
| | • প্রতিটি ক্ষেত্রে অনধিক ২(দুই) লক্ষ টাকা। |
| ৮৩ (১)(ক) | **আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে পণ্য এবং সংশি-ষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের দরপত্র প্রস্তুত ও দাখিলের সময়সীমা ঃ** |
| | • উন্মুক্ত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৪২ (বিয়াল্লিশ) দিনের কম হইবে না;<br>• পুনঃদরপত্র আহ্বানের ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ২৮ (আটাশ) দিনের কম হইবে না;<br>• দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে প্রথম পর্যায়ের জন্য ৪২ (বিয়াল্লিশ) এবং দ্বিতীয় পর্যায়ের জন্য ২১ (একুশ) দিনের কম হইবে না। |
| ৮৩(১)(ঙ) এবং ৯৮(২১)(ঙ) | **বাংলাদেশী সরবরাহকারী ও ঠিকাদারগণের স্থানীয় অগ্রাধিকার (domestic preference) ঃ** |
| | • পণ্যের ক্ষেত্রে সরবরাহ মূল্যের (delivered price) অনধিক ১৫% (শতকরা পনের ভাগ);<br>• কার্যের ক্ষেত্রে চুক্তি মূল্যের অনধিক ৭.৫% (শতকরা সাড়ে সাত ভাগ)। |
| ৮৮(১)<br>৮৮(২) | **জাতীয় পতাকাবাহী বাহন ও বৈদেশিক মিশনসমূহ কর্তৃক ক্রয় ঃ** |
| | • প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ ১৫(পনের) লক্ষ টাকা।<br>• প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা। |
| ৯০(২)(গ) | **স্থানীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ঃ** |
| | • দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫ (পাঁচ) লক্ষ টাকা বা তাহার নিম্নে। |
| ৯০(২)(ঝ) | **যে সকল মূল্যের ক্রয় সংশি-ষ্ট নোটিশ সিপিটিইউ'র ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে ঃ** |
| | • পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবার দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ১ (এক) কোটি টাকা বা তাহার উর্ধ্বে;<br>• বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তাহার উর্ধ্বে;<br>• বিজ্ঞাপন যুগপৎ সিপিটিইউ এবং পত্রিকায় প্রেরণ করিতে হইবে। |
| ৯১(১) | **প্রাক-যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে ন্যূনতম মূল্যসীমা ঃ** |
| | • ৩৫ (পঁয়ত্রিশ) কোটি টাকার অধিক মূল্যের নির্মাণ কার্য;<br>• ৩ (তিন) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক মূল্যের রক্ষণাবেক্ষণ কার্য;<br>• ১৫ (পনের) কোটি টাকার অধিক মূল্যের প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপন;<br>• ৩৫ (পঁয়ত্রিশ) কোটি টাকার অধিক মূল্যের কোন স্থাপনার নকশা তৈরী ও অবকাঠামো নির্মাণ কার্য;<br>• ৩ (তিন) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক মূল্যের নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরী (custom designed equipment);<br>• ৩৫ (পঁয়ত্রিশ) কোটি টাকার অধিক মূল্যের ব্যবস্থাপনা চুক্তি। |

| | |
|---|---|
| ৯১ (৪) | **আবেদনকারীদের প্রাক-যোগ্যতার আবেদনপত্র প্রণয়নের সময়সীমা ঃ** |
| | • কমপক্ষে ২১ (একুশ) দিন। |
| ৯১(৭) | **ক্রয়কারী কর্তৃক যে সময়ের পূর্বে প্রাক-যোগ্যতার দলিলের উপর আবেদনকারীর নিকট হইতে স্পষ্টীকরণের অনুরোধপত্র গ্রহণ করা হইবে ঃ** |
| | • আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার ৭ (সাত) কার্যদিবসের পূর্ব পর্যন্ত। |
| ৯১(৮) | **ক্রয়কারী যে সময়ের মধ্যে আবেদনকারীর নিকট হইতে প্রাক-যোগ্যতার দলিলের উপর স্পষ্টীকরণের অনুরোধ পত্রের জবাব প্রদান করিবেন ঃ** |
| | • ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে। |
| ৯৩(৯) | **প্রাক-যোগ্য আবেদনকারীর সংখ্যা ঃ** |
| | • ন্যূনতম ৩ (তিন) জন। |
| ৯৩(১৮) | **প্রাক-যোগ্য আবেদনকারী কর্তৃক উহার আকার বা গঠন প্রক্রিয়ার কোন পরিবর্তনের বিষয়ে ক্রয়কারীকে অবহিতকরণের সময় ঃ** |
| | • দরপত্র আহ্বানের তারিখের পর অনধিক ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে। |
| ৯৪(১১) | **প্রাক-দরপত্র সভার কার্য-বিবরণী বিতরণের সময় ঃ** |
| | • সভা অনুষ্ঠিত হইবার ৫ (পাঁচ) দিনের মধ্যে। |
| ৯৫(২)<br>১১৭(১৯) | **ক্রয়কারী কর্তৃক দরপত্র বা প্রস্তাব দলিলের স্পষ্টীকরণ এবং ক্ষেত্র মত দলিলের সংশোধন বা সংযোজন (addendum) জারী করিবার সময়সীমা ঃ** |
| | • ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে। |
| ৯৫(৩) | **দরপত্রদাতা কর্তৃক দরপত্র দলিলের সংশোধন ও সংযোজন প্রাপ্তিস্বীকারের সময় ঃ** |
| | • ৩ (তিন) কার্যদিবসের মধ্যে। |
| ৯৫(৪) | **সংশোধন, সংযোজন বা স্পষ্টীকরণের জন্য অনুরোধের উত্তর প্রাপ্ত না হইলে, দরপত্রদাতা কর্তৃক ক্রয়কারীকে অবহিত করার সময় ঃ** |
| | • দরপত্র দাখিলের জন্য প্রদত্ত সময়ের দুই-তৃতীয়াংশ সময় অতিক্রান্ত হইবার পরে। |
| ৯৫(৬) | **দরপত্র দলিলের সংশোধনজনিত কারণে সময়সীমা বর্ধিত করণ ঃ** |
| | • দরপত্র প্রণয়নের জন্য এক-তৃতীয়াংশের কম সময় অবশিষ্ট থাকা অবস্থায় সংশোধন করা হইলে<br>• সময়সীমা ন্যূনতম ৩ (তিন) দিন বৃদ্ধি করিতে হইবে। |
| ৯৬(১১)(ক) | **যে মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের নিমিত্ত একাধিক স্থানে (multiple dropping) দরপত্র দাখিল করা যাইবে ঃ** |
| | • ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৩০ (ত্রিশ) লক্ষ টাকা এবং উহার উর্ধ্বে;<br>• দরপত্র দাখিলের সময়সীমা উত্তীর্ণ হওয়ার ৩ (তিন) ঘন্টার মধ্যে প্রধান স্থানে দাখিল করিতে হইবে। |

| | |
|---|---|
| ১০১(৪) | **দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক অনুমোদনকারী কর্তৃপক্ষের জিজ্ঞাসার জবাব প্রদানের সময় ঃ** |
| | • প্রাপ্তির ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে। |
| ১০২(৩) এবং (৪) | **কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি সম্পাদন নোটিশ (NOA) গ্রহণের লিখিত সম্মতিপত্র প্রদানের সময় ঃ** |
| | • চুক্তি সম্পাদন নোটিশ জারীর ৭ (সাত) কার্যদিবসের মধ্যে। |
| ১০২(৭) | **কৃতকার্য দরদাতা কর্তৃক কার্য সম্পাদন জামানত (Performance Security) দাখিলের সময় ঃ** |
| | • জাতীয় পর্যায়ের দরপত্রের ক্ষেত্রে, চুক্তি সম্পাদন নোটিশ প্রাপ্তির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, কিন্তু চুক্তি সম্পাদন নোটিশে নির্দিষ্টকৃত তারিখের পরে নহে;<br>• আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে, চুক্তি সম্পাদন নোটিশ জারীর ২৮(আটাশ) দিনের মধ্যে। |
| ১০২(১১) | **কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি স্বাক্ষরের সময় সীমা ঃ** |
| | • চুক্তি সম্পাদন নোটিশ জারীর তারিখ হইতে ২৮ (আটাশ) দিনের মধ্যে।<br>• আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে চুক্তি সম্পাদন নোটিশ ইস্যুর ২৮ (আটাশ) দিনের মধ্যে। |
| ১০৪(ক) | **ন্যূনতম ব্যয়ভিত্তিক পরামর্শক নির্বাচন (Least Cost Selection) ঃ** |
| | • অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা। |
| ১০৪(ঘ)(২)(আ) | **একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচন (Single Source Selection) ঃ** |
| | • পরামর্শক প্রতিষ্ঠানের (ফার্ম) জন্য সর্বাধিক ১০ (দশ) লক্ষ টাকা;<br>• ব্যক্তি পরামর্শকের জন্য সর্বাধিক ৫(পাঁচ) লক্ষ টাকা। |
| ১০৪(ঘ)(৮) | **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার ক্ষেত্রে variation order এর মূল্যসীমা ঃ** |
| | • মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা ১৫ ভাগ) |
| ১১৩ (২) | **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের নিমিত্ত আগ্রহ ব্যক্তকরণ পত্র প্রণয়ন ও দাখিলের সময় ঃ** |
| | • অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে কমপক্ষে ১৪ (চৌদ্দ) দিন;<br>• আন্তর্জাতিক ক্রয়ের ক্ষেত্রে কমপক্ষে ২১ (একুশ) দিন। |
| ১১৫(৩) | **সংক্ষিপ্ত তালিকাভুক্ত পরামর্শকের সংখ্যা ঃ** |
| | • কমপক্ষে ৪ জন এবং অনধিক ৭ জন আবেদনকারী, তবে ৬ জন অধিকতর কাম্য। |
| ১১৭ (১৯) | **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের নিমিত্ত প্রস্তাব প্রণয়ন এবং দাখিলের সময় ঃ** |
| | • অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ২৮ (আটাশ) দিন;<br>• আন্তর্জাতিক ক্রয়ের ক্ষেত্রে ন্যূনতম ৪২ (বিয়াল্লিশ) দিন। |
| ১২৭(৫)(খ) | **পেশাগত অসদাচরণ, অপরাধ ইত্যাদি বিষয়ে ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক সিদ্ধান্ত প্রদান বা কমিটি গঠনের সময়সীমা ঃ** |

| | |
|---|---|
| | • সংশ্লিষ্ট প্রতিবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে। |
| ১২৭(৫)(গ) | ক্রয়কারী কার্যালয় প্রধানের নিকট কমিটি কর্তৃক সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করিবার সময়সীমা ঃ |
| | • ক্রয়কারীর নিকট হইতে সংশ্লিষ্ট প্রতিবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে। |
| ১৩০(ঙ) | **সিপিটিইউ কর্তৃক সরকারের নিকট বার্ষিক প্রতিবেদন পেশ ঃ** |
| | • আর্থিক বৎসর শুরুর ৭ (সাত) মাসের মধ্যে। |

বিঃদ্রঃ এস, আর, ও নং- ২০৩-আইন/২০০৯-পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬(২০০৬ সালের ২৪ নং আইন ) এর ধারা ৭০ এর প্রদত্ত ক্ষমতাবলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর সংশোধনির গেজেট অনুসারে প্রস্তুত করা হয়েছে।

For details : www.cptu.gov.bd